

একই নম্বর ও তারিখের আদেশের স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১১১.০০.০০.০৬৫.২০১৩-৮৯

তারিখঃ ০৬-১১-১৪২১ বাৎ
১৮-০২-২০১৫ খ্রিঃ

বিষয়ঃ পূর্বানুমোদিত আনোয়ার খান মডার্ণ নার্সিং কলেজ, ঢাকায় বিদ্যমান বেসিক বিএসসি নার্সিং কোর্সের পাশাপাশি পোস্ট বেসিক বিএসসি নার্সিং কোর্স চালুর অনুমোদন।


উপর্যুক্ত বিষয়ে তাঁর আবেদন এবং বেসরকারী পর্যায়ে বিএসসি নার্সিং কলেজ/কোর্স চালুকরণ সংক্রান্ত এ মন্ত্রণালয়ে গঠিত নীতিনির্ধারণী কমিটির ২৭-০১-২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসরণে পূর্বানুমোদিত আনোয়ার খান মডার্ণ নার্সিং কলেজ, ঢাকায় বিদ্যমান ০৪ বছর মেয়াদি বেসিক বিএসসি নার্সিং কোর্সে বরাদ্দকৃত ৪০টি আসন বহাল রেখে অনুমোদনের মেয়াদ বৃদ্ধিসহ ২০১৪-২০১৫ শিক্ষা বর্ষ হতে ০২ বছর মেয়াদি পোস্ট বেসিক বিএসসি নার্সিং কোর্সে ৩০টি (ত্রিশ) আসন বরাদ্দপূর্বক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে শিক্ষার্থী ভর্তির সাময়িক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

২। শর্তাবলীঃ

১. নীতিমালা অনুযায়ী শিক্ষক-শিক্ষার্থী অনুপাত রক্ষার জন্য যথাযথ যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন নার্স-শিক্ষক নিয়োগ করতে হবে।
২. হাউজ কিপার নিয়োগ করতঃ সার্বক্ষণিক নিরাপত্তাসহ আসবাবপত্র ও পরিচ্ছন্ন ছাত্রী হোস্টেল নিশ্চিত করতে হবে।
৩. ভর্তি কমিটি এবং সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বাংলাদেশ নার্সিং কাউন্সিলের প্রতিনিধি নিশ্চিত করতে হবে।
৪. লাইব্রেরীয়ান নিয়োগ করতঃ নার্সিং এর নিজস্ব সমৃদ্ধ লাইব্রেরী স্থাপন করতে হবে।
৫. ক্যাম্পাসে খেলাধুলা এবং সুষ্ঠু বিনোদনের ব্যবস্থা রাখতে হবে।
৬. ভর্তির ক্ষেত্রে ও অধ্যয়নরত ৫% শিক্ষার্থীদের গরীব ও মেধাবৃদ্ধির আর্থিক সুবিধাদি নিশ্চিত করতে হবে।
৭. কর্মরত নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন হালনাগাদ রাখতে হবে।

৩। এছাড়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১২-০৭-২০০৯ খ্রিঃ তারিখের স্বাপকম/নাসা/বিএনসি/(অর্ডিনেন্স)-২/২০০৮/৪২৭ সংখ্যক প্রজ্ঞাপনে জারিকৃত নীতিমালার অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পালন করতে হবে।

৪। বর্ণিত কোর্সে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি এবং প্রচলিত নিয়মানুযায়ী বাংলাদেশ নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশন গ্রহণ করতে হবে।



(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৭৯

অধ্যক্ষ


আনোয়ার খান মডার্ণ নার্সিং কলেজ,
বাড়ি নং-১৭, রোড নং-০৮
ধানমন্ডি, ঢাকা-১২০৫।

নং-৪৫.১৫৮.১১১.০০.০৬৫.২০১৩-৮৯/১(৮)

তারিখঃ ০৬-১১-১৪২১ বাং
১৮-০২-২০১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (হাসপাতাল ও নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd


নং-৪৫.১৫৮.০১১.০০.০০.০২৮.২০১৪-৯৫

তারিখ ১১-১১-১৪২১ বাং
২৩-০২-২০১৫ খ্রিঃ

অফিস আদেশ

সেবা পরিদপ্তর, ঢাকা এর উপ-পরিচালক, শিক্ষা (ভারপ্রাপ্ত) বেগম নিলুফার ফরহাদকে উক্ত পরিদপ্তরের কর্মচারীদের বেতন-ভাতাদি আহরণসহ যাবতীয় আর্থিক কার্যাদি পরিচালনার সাময়িক দায়িত্ব প্রদান করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।




(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৯৫৪৫৭৭৯

নং-৪৫.১৫৮.০১১.০০.০০.০২৮.২০১৪-৯৫ (১৩)

তারিখ ১১-১১-১৪২১ বাং
২৩-০২-২০১৫ খ্রিঃ

অনুশিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন)/চিপিএ ও উন্নয়ন/জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। যুগ্ম-সচিব (হাসপাতাল ও নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। যুগ্মসচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ১২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৩। বেগম নিলুফার ফরহাদ, উপ-পরিচালক, শিক্ষা (ভারপ্রাপ্ত), সেবা পরিদপ্তর, ১৪-১৫ মতিঝিল বা/এ, ঢাকা।


(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব